AdZahan
GROW FASTER WITH US
01858-846658

# নাঙ্গলকোট হাছান মেমোরিয়াল সরকারি ডিগ্রি কলেজ

## নাঙ্গলকোট, কুমিল্লা।



**Phone:** 01309-106161

**Mail:** nhmgdc@gmail.com

**Web:** www.nhmgdc.edu.bd

**Facebook:** www.facebook.com/profile.php?id=61556054229774

# প্রসপেক্টাস

প্রতিষ্ঠা: ০৯/০২/১৯৮৪ খ্রি.

প্রতিষ্ঠাতা: ডা: একেএম কামারুজ্জামান

# সূচিপত্র




লক্ষ্য ও উদ্দেশ্য ..................... ৩

কলেজের ইতিহাস ..................... ৪

অধ্যক্ষের বাণী ..................... ৫

বর্ষপঞ্জি ও ছুটি ..................... ৬-৮

উচ্চ মাধ্যমিক সিলেবাস ..................... ৯

মাসিক বেতন ও আনুসঙ্গিক ..................... ১০

শ্রেণি কার্যক্রমের সময়সূচি ..................... ১১

সহশিক্ষা কার্যক্রম ও সুযোগ-সুবিধা ..................... ১২

ছাত্র-ছাত্রীদের অবশ্য পালনীয় এবং প্রতিষ্ঠানের নির্ধারিত ইউনিফরম ..................... ১৩

শিক্ষক তালিকা ..................... ১৪

উপসংহার ..................... ১৫


## উপসংহার

আমরা সর্বদা মানসম্মত শিক্ষা, নৈতিকতা ও আধুনিকতার সমন্বয়ে শিক্ষার্থীদের গড়ে তুলতে অঙ্গীকারবদ্ধ। আমরা বিশ্বাস করি, শিক্ষা শুধু পুঁথিগত জ্ঞানে সীমাবদ্ধ নয়; এটি জীবনের প্রতিটি ক্ষেত্রে আলোর দিশারি। তাই প্রতিটি শিক্ষার্থীকে জ্ঞান, শৃঙ্খলা, মানবিক মূল্যবোধ ও দক্ষতায় সমৃদ্ধ করে দেশ ও সমাজের উন্নয়নে ভূমিকা রাখাই আমাদের প্রধান লক্ষ্য।

আমরা আশা করি, অভিভাবক, শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় আমাদের অগ্রযাত্রা আরো সুদৃঢ় হবে এবং আমরা আলোকিত মানুষ হিসেবে আগামী প্রজন্মকে গড়ে তুলতে সক্ষম হবো।

# সম্মানিত শিক্ষকমন্ডলীর তালিকা

| নং | নাম | পদবী | বিভাগ | মোবাইল |
|---|---|---|---|---|
| ০১ | প্রফেসর মোহাম্মদ ফিরোজ-উল-আলম চৌধুরী | অধ্যক্ষ | | 01712-837437 |
| ০২ | জনাব মোমিনুল ইসলাম | প্রভাষক | হিসাববিজ্ঞান | 01712-341949 |
| ০৩ | জনাব শাহনুর আলম | প্রভাষক | ইংরেজি | 01710-693480 |
| ০৪ | জনাব নাজমা আক্তার | প্রভাষক | রসায়ন | 01961-485025 |
| ০৫ | জনাব মোঃ হাছান আহমেদ মজুমদার | প্রভাষক | ব্যবস্থাপনা | 01620-625152 |
| ০৬ | জনাব মোহাম্মদ এনামুল হক | প্রভাষক | ব্যবস্থাপনা | 01814-345733 |
| ০৭ | জনাব ফৌজিয়া আক্তার | প্রভাষক | জীববিজ্ঞান | 01869-169960 |
| ০৮ | জনাব ওমর ফারুক | প্রভাষক | রসায়ন | 01758-480788 |
| ০৯ | জনাব মোঃ নুরুল আফছার | প্রভাষক | গণিত | 01717-992256 |
| ১০ | জনাব রেশমিন জান্নাত লাকী | প্রভাষক | রাষ্ট্রবিজ্ঞান | 01775-371147 |
| ১১ | জনাব মোঃ মকবুল আহমেদ | প্রভাষক | হিসাববিজ্ঞান | 01883-845730 |
| ১২ | জনাব মোহাম্মদ আলাউদ্দিন | প্রভাষক | ব্যবস্থাপনা | 01748-187145 |
| ১৩ | জনাব সাজেদা আক্তার | প্রভাষক | সমাজকর্ম | 01817-395339 |
| ১৪ | জনাব মোঃ ওমর ফারুক ভূঁঞা | প্রভাষক | রাষ্ট্রবিজ্ঞান | 01818-936610 |
| ১৫ | জনাব মোঃ জসিম উদ্দিন | প্রভাষক | ব্যবস্থাপনা | 01811-241704 |
| ১৬ | জনাব মোঃ আলী আহামেদ | প্রভাষক | ব্যবস্থাপনা | 01963-979797 |
| ১৭ | জনাব বিবি হাওয়া | প্রভাষক | রাষ্ট্রবিজ্ঞান | 01747-110720 |
| ১৮ | জনাব মোঃ অহিদুর রহমান | প্রভাষক | সমাজকর্ম | 01616-938876 |
| ১৯ | জনাব মোঃ আলী আক্কাছ | প্রভাষক | হিসাববিজ্ঞান | 01830-809942 |
| ২০ | জনাব নুরজাহান আক্তার | প্রভাষক | সমাজকর্ম | 01814-993945 |
| ২১ | জনাব নাহিদ ফারহানা | প্রভাষক | সমাজকর্ম | 01725-467080 |
| ২২ | জনাব আনোয়ার হোসেন | প্রভাষক | আইসিটি | 01791-421829 |
| ২৩ | জনাব এ.টি.এম জিয়াউল হক | লাইব্রেরিয়ান | গ্রন্থাগার ব্যবস্থাপনা | 01824-404814 |
| ২৪ | জনাব রিয়াজ মাহমুদ ভূঁইয়া | প্রভাষক | সমাজকর্ম | 01926-991452 |
| ২৫ | জনাব মীর সাহাব উদ্দিন | প্রভাষক | হিসাববিজ্ঞান | 01711-444756 |
| ২৬ | জনাব মোঃ সাহাব উদ্দিন | প্রভাষক | রাষ্ট্রবিজ্ঞান | 01717-962301 |
| ২৭ | জনাব কাজী নজরুল ইসলাম | শরীরচর্চা শিক্ষক | শরীরচর্চা | 01816-023424 |
| ২৮ | জনাব আফরোজা সুলতানা | প্রদর্শক | জীববিজ্ঞান | 01789-678853 |
| ২৯ | জনাব গোলাম রসুল | প্রভাষক | পদার্থবিজ্ঞান | 01727-440560 |
| ৩০ | জনাব তারিক হাছান শাওন | প্রভাষক | ইংরেজী | 01742-684055 |
| ৩১ | জনাব আঈন উদ্দিন | প্রভাষক | বাংলা | 01682-786115 |
| ৩২ | জনাব নুরুল আলম | প্রভাষক | ইসলামের ইতিহাস | 01830-921046 |
| ৩৩ | জনাব রাবেয়া আক্তার | প্রভাষক | অর্থনীতি | 01835-169849 |





# লক্ষ্য ও উদ্দেশ্য

**শিক্ষা কার্যক্রম** কে আরো গতিশীল, অংশগ্রহণমূলক, গণমুখী ও ফলপ্রসূ করা।
ছাত্র-ছাত্রীদের চারিত্রিক ও মানবিক গুণাবলির সার্বিক বিকাশ সাধনের মাধ্যমে সুনাগরিক হিসেবে গড়ে তোলা। দেশপ্রেম ও দেশাত্মবোধ জাগ্রত করা এবং যোগ্য নেতৃত্বের গুণাবলির বিকাশ ঘটানো। দেশের সঠিক ইতিহাস ও ঐতিহ্যকে ধারণ এবং লালনে শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরণে সঠিক প্রয়াস গ্রহণ করা।

সুষম ও উদারভিত্তিক শিক্ষা ব্যবস্থার মাধ্যমে শিক্ষার্থীদের মেধার পরিপূর্ণ বিকাশ ঘটানো।
ছাত্র-ছাত্রীদের পরিশ্রমী ও অধ্যবসায়ী হিসেবে গড়ে তোলা।
শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক উৎকর্ষতা, মননশীলতা ও সৃজনশীলতার বিকাশ ঘটানো।

# কলেজের ইতিহাস

**"নাঙ্গলকোট কলেজ"** নামে ১৯৭৩ সালে প্রতিষ্ঠানটির পথচলা শুরু হয়, যেখানে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরে পাঠদান করা হতো। এটি তখন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের বিশেষ অনুমোদনের ভিত্তিতে পরিচালিত হয়েছিল। এক সময় আর্থিক সংকট এবং নেতৃত্বের অভাবে প্রতিষ্ঠানটি বন্ধ হয়ে যায়। সে সংকটময় সময়ে প্রতিষ্ঠানটির পুণরুজ্জীবনে সচেষ্ট হন সাবেক সাংসদ এবং দক্ষিণ এশিয়ার বিখ্যাত মনোরোগ বিশেষজ্ঞ ডাক্তার এ.কে.এম. কামারুজ্জামান। তাঁর ঐকান্তিক প্রচেষ্টায় ১৯৮৪ সালে প্রতিষ্ঠানটি পুণরুজ্জীবন লাভ করে। তিনি শিক্ষক, অবকাঠামো, লাইব্রেরি ও বিজ্ঞানাগার প্রতিষ্ঠায় তৎকালীন সময়েই লক্ষাধিক টাকা ব্যয় করেন।

৯ই ফেব্রুয়ারি ১৯৮৪ সালে কলেজটির পুন নামকরণ করা হয় "নাঙ্গলকোট হাছান মেমোরিয়াল উচ্চমাধ্যমিক কলেজ"। ডাক্তার এ.কে.এম কামারুজ্জামান উক্ত কলেজের সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। তৎকালীন শিক্ষামন্ত্রী ও মাধ্যমিক বোর্ডের চেয়ারম্যানের সহযোগিতায় প্রতিষ্ঠানটির ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। ৩০ জুন ১৯৮৮ সালে কলেজ এমপিওভূক্ত করা হয়। পরে ১৯৯৩ সালে এটি ডিগ্রি কলেজে উন্নীত হয়। ২০১৫ সালে অনার্স কোর্স এবং বিএসসি(পাস) কোর্স চালুর মাধ্যমে মেধা ও পাঠের গুণগত মান বৃদ্ধির প্রয়াস চালানো হয়। ২০১৮ সালের ৮ই আগষ্ট প্রতিষ্ঠানটি সরকারিকরণ করা হয়। এক্ষেত্রে প্রতিষ্ঠানটির প্রতিষ্ঠা এবং প্রগতির পেছনে যে ব্যক্তির অবদান অনুস্বীকার্য তিনি হলেন, মরহুম হাছানুজ্জামান খাঁন। যার নামে এবং স্মরণে কলেজটি প্রতিষ্ঠিত হয়। এটি কেবল একটি শিক্ষা প্রতিষ্ঠানই নয় বরং স্থানীয়ভাবে জ্ঞানচর্চা, সাহিত্য, সংস্কৃতি ও দক্ষ মানব সম্পদ গড়ে তোলার ক্ষেত্রে বিশেষ ভূমিকা রাখছে। এক কথায় প্রতিষ্ঠানটি স্থানীয় তরুণ-তরুণীদের উচ্চশিক্ষার এক আলোকবর্তিকা।

## প্রতিষ্ঠানের প্রতীক/মনোগ্রাম:



# ছাত্র-ছাত্রীদের অবশ্য পালনীয়

- প্রত্যেক ছাত্র-ছাত্রীকে পরিচয়পত্র সংগ্রহ ও ব্যবহার করতে হবে।
- ছাত্রীদের কোন প্রকার অলঙ্কার, উগ্র-প্রসাধনী ও ফ্যাশনেবল চুলের সামগ্রী ব্যবহার নিষিদ্ধ। প্রতিষ্ঠান অঙ্গনে সর্বদা ছাত্র-ছাত্রীদের জন্য নির্ধারিত ইউনিফরম পরে আসতে হবে। শালীন পোষাক পরিধান করতে হবে।
- ছেলেদের চুল ছোট রাখতে হবে। কোন অবস্থাতেই উগ্র-ফ্যাশনেবল হেয়ার কাটিং করা যাবে না।
- প্রতিষ্ঠানের সম্পদের কোনো প্রকার ক্ষতি সাধন করা যাবে না।
- বেঞ্চ, টেবিল, চেয়ার, দেয়াল, দরজা, জানালা ইত্যাদিতে নাম লেখাসহ কোনো কিছু অঙ্কন করা যাবে না।
- ময়লা আবর্জনা, টিফিনের বর্জ্য, ছেড়া কাগজ, কলম ইত্যাদি শ্রেণি কক্ষের সামনে রক্ষিত নির্ধারিত ঝুড়িতে ফেলতে হবে।
- প্রতিষ্ঠানের কর্মচারীদের সাথে অশোভন আচরণ করা যাবে না।
- সঠিক সময়ে কলেজে আসতে হবে।
- ক্লাসে গল্পের বই, পত্রিকা, খেলার সামগ্রী, ক্যামেরা, মোবাইল ফোনসহ বিভিন্ন ধরণের ইলেকট্রনিক্স সামগ্রী আনা যাবে না।
- ক্লাস ছুটি না হওয়া পর্যন্ত কোনো ছাত্র-ছাত্রী অনুমতি ব্যতীত প্রতিষ্ঠান ত্যাগ করতে পারবে না।
- ছোটকে স্নেহ করবে, বড়কে সম্মান দেখাবে, গুরুজনকে ভক্তি-শ্রদ্ধা প্রদর্শন করবে, সদা সত্য কথা বলবে এবং অসৎসঙ্গ পরিহার করবে।



# ইউনিফরম



**ছেলেদের পোশাক:**

| | |
|---|---|
| শার্ট | - অফ হোয়াইট |
| প্যান্ট | - কালো |
| মোজা | - সাদা |
| জুতা | - কালো |

**মেয়েদের পোশাক:**

| | |
|---|---|
| জামা / বোরকা / এপ্রন | - মেরুন |
| পায়জামা | - সাদা |
| মোজা | - সাদা |
| জুতা | - সাদা |
| স্কার্ফ | - অফ হোয়াইট |

# সহশিক্ষা কার্যক্রম

ছাত্র-ছাত্রীদের সৎ, দক্ষ ও দেশপ্রেমিক নাগরিক হিসেবে গড়ে তোলার প্রত্যয়ে নিয়মিত শ্রেণি কার্যক্রমের পাশাপাশি অত্র প্রতিষ্ঠানে বিভিন্ন সহশিক্ষা কার্যক্রম পরিচালিত হয়।



**১। জাতীয় দিবস উদযাপন:**
ছাত্র-ছাত্রীদের মধ্যে দেশপ্রেম জাগিয়ে তোলা, দেশের সঠিক ইতিহাস ও ঐতিহ্যের সাথে পরিচয় করিয়ে দেওয়ার লক্ষ্যে প্রতিষ্ঠানের যথাযোগ্য মর্যাদা ও ভাব-গাম্ভীর্যের সাথে সকল জাতীয় দিবস উদযাপন করা হয়।

**২। বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা :**
ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে প্রতিবছর বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন করা হয়।

**৩। সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা:**
দেশীয় সংস্কৃতির প্রতি শিক্ষার্থীদের আগ্রহী করে তোলার জন্য নিয়মিত সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়।

**৪। বার্ষিক ম্যাগাজিন ও দেয়ালিকা :**
ছাত্র-ছাত্রীদের সৃজনশীলতা বিকাশে বার্ষিক ম্যাগাজিন ও দেয়ালিকা প্রকাশের কার্যক্রম অব্যাহত থাকবে।

**৫। স্কাউট ও বিএনসিসি:**
ছাত্র-ছাত্রীদের পরিচ্ছন্ন সুশৃঙ্খল সুস্থ জীবন গঠন এবং যোগ্য নেতৃত্ব সৃষ্টির লক্ষ্যে কলেজের বি.এন.সি.সি ও রোভার স্কাউট এর কার্যক্রম চালুর প্রক্রিয়া চলছে।

**৬। বিভিন্ন ক্লাব কার্যক্রম:**
ক. আইসিটি ক্লাব খ. সাধারণ জ্ঞান ক্লাব
গ. বিতর্ক ক্লাব ঘ. বিজ্ঞান ক্লাব




# সুযোগ-সুবিধা

**সুপরিসর দৃষ্টিনন্দন ক্যাম্পাস:**
মনোরম ও ছায়ানিবিড় প্রাকৃতিক পরিবেশে কলেজ ক্যাম্পাসটি অবস্থিত। শিক্ষার্থীদের খেলাধুলার জন্য রয়েছে একটি বড় মাঠ, একটি দৃষ্টিনন্দন শহীদ মিনার ও মুক্তমঞ্চ।

**সমৃদ্ধ লাইব্রেরি:**
প্রতিষ্ঠানে রয়েছে একটি সমৃদ্ধ ও সুপরিসর লাইব্রেরি, যেখানে ১৫০০ এর অধিক বই রয়েছে। অফ পিরিয়ডে লাইব্রেরিতে বসে বই পড়ার পাশাপাশি শিক্ষার্থীরা লাইব্রেরি কার্ডের মাধ্যমে নির্দিষ্ট সময়ের জন্য বাসায় নিয়ে বই পড়তে পারে।

**ভিজিল্যান্স টিম:**
প্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রম এবং নিয়ম শৃঙ্খলা রক্ষার সুবিধার্থে শিক্ষকবৃন্দের সমন্বয়ে ভিজিল্যান্স টিম গঠন করা হয়েছে। যা সপ্তাহের প্রতিদিন কার্যকর থাকে।

**সিসি ক্যামেরা:**
শিক্ষার্থীদের নিরাপত্তার স্বার্থে কলেজ ক্যাম্পাস সার্বক্ষণিক সিসিক্যামেরার আওতাভুক্ত। এছাড়া কলেজের গেইটসমূহ নির্ধারিত সময় পর্যন্ত বন্ধ থাকে।



# অধ্যক্ষের বাণী



প্রিয় শিক্ষার্থী, অভিভাবক ও শুভানুধ্যায়ীবৃন্দ,

"শিক্ষা জাতির মেরুদণ্ড" এই মহাসত্যকে ধারণ করে আমাদের প্রতিষ্ঠান শুরু থেকেই আলোকিত মানবসম্পদ তৈরির লক্ষ্যে কাজ করে যাচ্ছে। আধুনিক শিক্ষা, শৃঙ্খলা, নৈতিকতা ও সৃজনশীলতার সমন্বয়ে গড়ে উঠুক প্রতিটি শিক্ষার্থীর ভবিষ্যৎ- এটাই আমাদের অঙ্গীকার।

আমরা বিশ্বাস করি, শুধুমাত্র সিলেবাস ভিত্তিক লেখা পড়া নয়; বরং জীবনঘনিষ্ঠ জ্ঞান, প্রযুক্তি নির্ভর শিক্ষা, সাংস্কৃতিক বিকাশ এবং খেলাধুলার মাধ্যমে একজন শিক্ষার্থী সত্যিকার অর্থে যোগ্য নাগরিক হিসেবে গড়ে উঠতে পারে।

এই প্রসপেক্টাসের মাধ্যমে আমাদের প্রতিষ্ঠানের ইতিহাস, সাফল্য, শিক্ষা কার্যক্রম এবং ভিশন সম্পর্কে স্পষ্ট ধারণা পাওয়া যাবে। আশা করি এটি অভিভাবকমহল ও শিক্ষার্থীদের জন্য একটি দিকনির্দেশনা হিসেবে কাজ করবে।

আমরা সকল শিক্ষক, কর্মচারী, শিক্ষার্থী ও অভিভাবকের আন্তরিক সহযোগিতার মাধ্যমে প্রতিষ্ঠানকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার প্রত্যাশা করি।

শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলব স্বপ্ন দেখ, পরিশ্রম কর, আর জ্ঞানের আলোয় নিজেকে আলোকিত করো। তবেই তুমি পরিবার, সমাজ, রাষ্ট্র তথা দেশকে সমৃদ্ধ করতে সক্ষম হবে।

প্রফেসর মোহাম্মদ ফিরোজ-উল আলম চৌধুরী (৩৫৩২)
অধ্যক্ষ
নাঙ্গলকোট হাছান মেমোরিয়াল সরকারি ডিগ্রি কলেজ
নাঙ্গলকোট, কুমিল্লা।

# বর্ষপঞ্জি ও ছুটি

## একাডেমিক ক্যালেন্ডার ২০২৫-২০২৬ (আগস্ট - ২০২৫ থেকে জানুয়ারি - ২০২৬)
## উচ্চমাধ্যমিক শ্রেণি

| আগস্ট - ২০২৫ | | | সেপ্টেম্বর - ২০২৫ | | |
|---|---|---|---|---|---|
| তারিখ | | কার্যক্রম | তারিখ | | কার্যক্রম |
| ০১ | শুক্রবার | সাধারণ ছুটি | ০১ | সোমবার | শ্রেণি কার্যক্রম |
| ০২ | শনিবার | সাধারণ ছুটি | ০২ | মঙ্গলবার | শ্রেণি কার্যক্রম |
| ০৩ | রবিবার | এইচএসসি পরীক্ষা | ০৩ | বুধবার | শ্রেণি কার্যক্রম |
| ০৪ | সোমবার | এইচএসসি পরীক্ষা | ০৪ | বৃহঃবার | শ্রেণি কার্যক্রম |
| ০৫ | মঙ্গলবার | গণঅভ্যুত্থান দিবস | ০৫ | শুক্রবার | সাধারণ ছুটি |
| ০৬ | বুধবার | এইচএসসি পরীক্ষা | ০৬ | শনিবার | সাধারণ ছুটি |
| ০৭ | বৃহঃবার | এইচএসসি পরীক্ষা | ০৭ | রবিবার | শ্রেণি কার্যক্রম + একাদশ শ্রেণির ভর্তি কার্যক্রম শুরু |
| ০৮ | শুক্রবার | সাধারণ ছুটি | ০৮ | সোমবার | শ্রেণি কার্যক্রম + একাদশ শ্রেণির ভর্তি কার্যক্রম |
| ০৯ | শনিবার | সাধারণ ছুটি | ০৯ | মঙ্গলবার | শ্রেণি কার্যক্রম + একাদশ শ্রেণির ভর্তি কার্যক্রম |
| ১০ | রবিবার | এইচএসসি (বিকাল) | ১০ | বুধবার | শ্রেণি কার্যক্রম + একাদশ শ্রেণির ভর্তি কার্যক্রম |
| ১১ | সোমবার | শ্রেণি কার্যক্রম | ১১ | বৃহঃবার | শ্রেণি কার্যক্রম + একাদশ শ্রেণির ভর্তি কার্যক্রম |
| ১২ | মঙ্গলবার | এইচএসসি পরীক্ষা | ১২ | শুক্রবার | সাধারণ ছুটি |
| ১৩ | বুধবার | শ্রেণি কার্যক্রম | ১৩ | শনিবার | সাধারণ ছুটি |
| ১৪ | বৃহঃবার | শ্রেণি কার্যক্রম | ১৪ | রবিবার | শ্রেণি কার্যক্রম + একাদশ শ্রেণির ভর্তি কার্যক্রম |
| ১৫ | শুক্রবার | সাধারণ ছুটি | ১৫ | সোমবার | শ্রেণি কার্যক্রম + একাদশ শ্রেণির উদ্বোধনী ক্লাস |
| ১৬ | শনিবার | সাধারণ ছুটি | ১৬ | মঙ্গলবার | শ্রেণি কার্যক্রম |
| ১৭ | রবিবার | এইচএসসি পরীক্ষা | ১৭ | বুধবার | শ্রেণি কার্যক্রম |
| ১৮ | সোমবার | শ্রেণি কার্যক্রম | ১৮ | বৃহঃবার | শ্রেণি কার্যক্রম |
| ১৯ | মঙ্গলবার | এইচএসসি পরীক্ষা | ১৯ | শুক্রবার | সাধারণ ছুটি |
| ২০ | বুধবার | আখেরী চাহার সোম্বা | ২০ | শনিবার | সাধারণ ছুটি |
| ২১ | বৃহঃবার | শ্রেণি কার্যক্রম + এইচএসসি ব্যবহারিক শুরু | ২১ | রবিবার | শ্রেণি কার্যক্রম |
| ২২ | শুক্রবার | সাধারণ ছুটি | ২২ | সোমবার | শ্রেণি কার্যক্রম |
| ২৩ | শনিবার | সাধারণ ছুটি | ২৩ | মঙ্গলবার | শ্রেণি কার্যক্রম |
| ২৪ | রবিবার | শ্রেণি কার্যক্রম | ২৪ | বুধবার | শ্রেণি কার্যক্রম |
| ২৫ | সোমবার | শ্রেণি কার্যক্রম | ২৫ | বৃহঃবার | শ্রেণি কার্যক্রম |
| ২৬ | মঙ্গলবার | শ্রেণি কার্যক্রম | ২৬ | শুক্রবার | সাধারণ ছুটি |
| ২৭ | বুধবার | শ্রেণি কার্যক্রম | ২৭ | শনিবার | সাধারণ ছুটি |
| ২৮ | বৃহঃবার | শ্রেণি কার্যক্রম | ২৮ | রবিবার | দুর্গা পূজার ছুটি শুরু |
| ২৯ | শুক্রবার | সাধারণ ছুটি | ২৯ | সোমবার | দুর্গা পূজার ছুটি |
| ৩০ | শনিবার | সাধারণ ছুটি | ৩০ | মঙ্গলবার | দুর্গা পূজার ছুটি |
| ৩১ | রবিবার | শ্রেণি কার্যক্রম + এইচএসসি ব্যবহারিক শেষ | | | |
| সম্ভাব্য শ্রেণি কার্যক্রম ১১ দিন | | | সম্ভাব্য শ্রেণি কার্যক্রম ১৮ দিন | | |





# শ্রেণি কার্যক্রমের সময়সূচি

| পিরিয়ড | হতে | পর্যন্ত | মোট সময় |
|---|---|---|---|
| ১ম পিরিয়ড | ৯ : ০০ টা | ৯ : ৫০ টা | ৫০ মিনিট |
| ২য় পিরিয়ড | ৯ : ৫০ টা | ১০ : ৪০ টা | ৫০ মিনিট |
| ৩য় পিরিয়ড | ১০ : ৪০ টা | ১১ : ৩০ টা | ৫০ মিনিট |
| বিরতি / টিফিন | ১১ : ৩০ টা | ১১ : ৫০ টা | ২০ মিনিট |
| ৪র্থ পিরিয়ড | ১১ : ৫০ টা | ১২ : ৩৫ টা | ৪৫ মিনিট |
| ৫ম পিরিয়ড | ১২ : ৩৫ টা | ০১ : ২০ টা | ৪৫ মিনিট |
| ৬ষ্ঠ পিরিয়ড | ০১ : ২০ টা | ০২ : ০০ টা | ৪০ মিনিট |
| ৭ম পিরিয়ড | ০২ : ০০ টা | ০৩ : ০০ টা | ৬০ মিনিট |

# শিক্ষার্থী অনুপস্থিতি প্রসঙ্গে

- অধ্যক্ষ/উপাধ্যক্ষ মহোদয়ের পূর্বানুমতি ব্যতীত কোনো শিক্ষার্থী শ্রেণিতে অনুপস্থিত থাকতে পারবে না।
- ক্রমাগত ০৩ দিনের অধিক বিনা অনুমতিতে অনুপস্থিত থাকলে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে শৃঙ্খলা ভঙ্গের দায়ে সতর্ক করা হবে। এ ধরণের সতর্কতা বছরে ০৩টির অধিক হলে প্রতিষ্ঠান হতে ভর্তি বাতিল হতে পারে।
- কোনো ছাত্র-ছাত্রী প্রতি সেশনে পর্বের মোট কার্যদিবসে ৭৫% উপস্থিত না থাকলে ঐ পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে অধ্যক্ষ মহোদয়ের বিশেষ অনুমতি প্রয়োজন হবে।
- অনুমতি নিয়ে কোনো ছাত্র/ছাত্রী শ্রেণিতে অনুপস্থিত থাকলে তা ছুটি হিসেবে গণ্য হবে।

## মাসিক বেতন ও আনুসঙ্গিক ফি প্রদান পদ্ধতি

ছাত্র/ছাত্রীদের মাসিক বেতন ও অন্যান্য ফি ব্যাংকিং সেবা এর মাধ্যমে জমা দিতে হয়।
সরকারি পরিপত্রের বাহিরে অতিরিক্ত কোনো অর্থ আদায় করা হয় না।

## পরীক্ষা ও প্রমোশন

- এনসিটিবি কর্তৃক নির্ধারিত ও নির্দেশিত পদ্ধতি অনুসরণ করা হয়।
- পাবলিক পরীক্ষার ক্ষেত্রে সরকারি নির্দেশনা অনুসারে প্রাক-নির্বাচনি ও নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাই ফরম পূরণ করতে পারে।
- একাদশ ও দ্বাদশ শ্রেণিতে সরকার কর্তৃক প্রবর্তিত সৃজনশীল পদ্ধতি অনুসরণ করা হয়। প্রতিটি বিষয়ে বহুনির্বাচনী অভীক্ষাও সৃজনশীল অংশে পৃথক পৃথকভাবে পাস করতে হয়। একাদশ শ্রেণির ১ম বর্ষ সমাপনী পরীক্ষায় সকল বিষয়ে পাস করলে দ্বাদশ শ্রেণিতে প্রমোশন দেওয়া হয়। অনুরূপ দ্বাদশ শ্রেণির প্রাক নির্বাচনি ও নির্বাচনি পরীক্ষা সকল বিষয়ে পাস করলে একজন শিক্ষার্থী এইচএসসি পরীক্ষায় ফরম পূরণ করার সুযোগ পায়।

## অনুষদ সদস্য

শিক্ষার্থীদের মানসম্মত পাঠদানের লক্ষ্যে অতিথি শিক্ষকসহ মোট ৩৩ জন শিক্ষক কর্মরত আছেন।
শিক্ষকদের পেশাগত মানোন্নয়নের জন্য নিয়মিত শিক্ষক প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়।



## বর্ষপঞ্জি ও ছুটি



| অক্টোবর - ২০২৫ | | | নভেম্বর - ২০২৫ | | |
|---|---|---|---|---|---|
| তারিখ | | কার্যক্রম | তারিখ | | কার্যক্রম |
| ০১ | বুধবার | দূর্গা পূজার ছুটি | ০১ | শনিবার | সাধারণ ছুটি |
| ০২ | বৃহঃবার | বিজয়া দশমী | ০২ | রবিবার | শ্রেণি কার্যক্রম |
| ০৩ | শুক্রবার | সাধারণ ছুটি | ০৩ | সোমবার | শ্রেণি কার্যক্রম |
| ০৪ | শনিবার | সাধারণ ছুটি | ০৪ | মঙ্গলবার | শ্রেণি কার্যক্রম |
| ০৫ | রবিবার | প্রবারণা পূর্ণিমা | ০৫ | বুধবার | শ্রেণি কার্যক্রম |
| ০৬ | সোমবার | লক্ষীপূজা | ০৬ | বৃহঃবার | শ্রেণি কার্যক্রম |
| ০৭ | মঙ্গলবার | দূর্গা পূজার ছুটি | ০৭ | শুক্রবার | সাধারণ ছুটি |
| ০৮ | বুধবার | দূর্গা পূজার ছুটি | ০৮ | শনিবার | সাধারণ ছুটি |
| ০৯ | বৃহঃবার | দূর্গা পূজার ছুটি | ০৯ | রবিবার | শ্রেণি কার্যক্রম |
| ১০ | শুক্রবার | সাধারণ ছুটি | ১০ | সোমবার | শ্রেণি কার্যক্রম |
| ১১ | শনিবার | সাধারণ ছুটি | ১১ | মঙ্গলবার | শ্রেণি কার্যক্রম |
| ১২ | রবিবার | শ্রেণি কার্যক্রম | ১২ | বুধবার | শ্রেণি কার্যক্রম |
| ১৩ | সোমবার | শ্রেণি কার্যক্রম | ১৩ | বৃহঃবার | শ্রেণি কার্যক্রম |
| ১৪ | মঙ্গলবার | শ্রেণি কার্যক্রম | ১৪ | শুক্রবার | সাধারণ ছুটি |
| ১৫ | বুধবার | শ্রেণি কার্যক্রম | ১৫ | শনিবার | সাধারণ ছুটি |
| ১৬ | বৃহঃবার | শ্রেণি কার্যক্রম | ১৬ | রবিবার | শ্রেণি কার্যক্রম |
| ১৭ | শুক্রবার | সাধারণ ছুটি | ১৭ | সোমবার | শ্রেণি কার্যক্রম |
| ১৮ | শনিবার | সাধারণ ছুটি | ১৮ | মঙ্গলবার | শ্রেণি কার্যক্রম |
| ১৯ | রবিবার | শ্রেণি কার্যক্রম | ১৯ | বুধবার | শ্রেণি কার্যক্রম |
| ২০ | সোমবার | শ্রী শ্রী শ্যাম পূজা | ২০ | বৃহঃবার | শ্রেণি কার্যক্রম |
| ২১ | মঙ্গলবার | দ্বাদশ শ্রেণির প্রাকনির্বাচনী পরীক্ষা | ২১ | শুক্রবার | সাধারণ ছুটি |
| ২২ | বুধবার | শ্রেণি কার্যক্রম | ২২ | শনিবার | সাধারণ ছুটি |
| ২৩ | বৃহঃবার | শ্রেণি কার্যক্রম | ২৩ | রবিবার | শ্রেণি কার্যক্রম |
| ২৪ | শুক্রবার | সাধারণ ছুটি | ২৪ | সোমবার | শ্রেণি কার্যক্রম |
| ২৫ | শনিবার | সাধারণ ছুটি | ২৫ | মঙ্গলবার | শ্রেণি কার্যক্রম |
| ২৬ | রবিবার | শ্রেণি কার্যক্রম | ২৬ | বুধবার | শ্রেণি কার্যক্রম |
| ২৭ | সোমবার | শ্রেণি কার্যক্রম | ২৭ | বৃহঃবার | শ্রেণি কার্যক্রম |
| ২৮ | মঙ্গলবার | শ্রেণি কার্যক্রম | ২৮ | শুক্রবার | সাধারণ ছুটি |
| ২৯ | বুধবার | শ্রেণি কার্যক্রম | ২৯ | শনিবার | সাধারণ ছুটি |
| ৩০ | বৃহঃবার | শ্রেণি কার্যক্রম | ৩০ | রবিবার | শ্রেণি কার্যক্রম |
| ৩১ | শুক্রবার | সাধারণ ছুটি | | | |
| সম্ভাব্য শ্রেণি কার্যক্রম ১৪ দিন | | | সম্ভাব্য শ্রেণি কার্যক্রম ২১ দিন | | |



# বর্ষপঞ্জি ও ছুটি

| ডিসেম্বর - ২০২৫ | | | জানুয়ারী - ২০২৬ | | |
|---|---|---|---|---|---|
| তারিখ | | কার্যক্রম | তারিখ | | কার্যক্রম |
| ০১ | সোমবার | শ্রেণি কার্যক্রম | ০১ | বৃহস্পতিবার | শ্রেণি কার্যক্রম |
| ০২ | মঙ্গলবার | শ্রেণি কার্যক্রম | ০২ | শুক্রবার | সাধারণ ছুটি |
| ০৩ | বুধবার | শ্রেণি কার্যক্রম | ০৩ | শনিবার | সাধারণ ছুটি |
| ০৪ | বৃহস্পতিবার | শ্রেণি কার্যক্রম | ০৪ | রবিবার | একাদশ শ্রেণির অর্ধবার্ষিক পরীক্ষা (সম্ভাব্য) |
| ০৫ | শুক্রবার | সাধারণ ছুটি | ০৫ | সোমবার | শ্রেণি কার্যক্রম |
| ০৬ | শনিবার | সাধারণ ছুটি | ০৬ | মঙ্গলবার | শ্রেণি কার্যক্রম |
| ০৭ | রবিবার | শ্রেণি কার্যক্রম | ০৭ | বুধবার | শ্রেণি কার্যক্রম |
| ০৮ | সোমবার | শ্রেণি কার্যক্রম | ০৮ | বৃহস্পতিবার | শ্রেণি কার্যক্রম |
| ০৯ | মঙ্গলবার | শ্রেণি কার্যক্রম | ০৯ | শুক্রবার | সাধারণ ছুটি |
| ১০ | বুধবার | শ্রেণি কার্যক্রম | ১০ | শনিবার | সাধারণ ছুটি |
| ১১ | বৃহস্পতিবার | শ্রেণি কার্যক্রম | ১১ | রবিবার | দ্বাদশ শ্রেণির নির্বাচনী পরীক্ষা (সম্ভাব্য) |
| ১২ | শুক্রবার | সাধারণ ছুটি | ১২ | সোমবার | শ্রেণি কার্যক্রম |
| ১৩ | শনিবার | সাধারণ ছুটি | ১৩ | মঙ্গলবার | শ্রেণি কার্যক্রম |
| ১৪ | রবিবার | শহীদ বুদ্ধিজীবি দিবস | ১৪ | বুধবার | শ্রেণি কার্যক্রম |
| ১৫ | সোমবার | শীতকালীন অবকাশ শুরু | ১৫ | বৃহস্পতিবার | শ্রেণি কার্যক্রম |
| ১৬ | মঙ্গলবার | মহান বিজয় দিবস | ১৬ | শুক্রবার | সাধারণ ছুটি |
| ১৭ | বুধবার | শীতকালীন অবকাশ | ১৭ | শনিবার | সাধারণ ছুটি + শব-ই-মিরাজ |
| ১৮ | বৃহস্পতিবার | শীতকালীন অবকাশ | ১৮ | রবিবার | শ্রেণি কার্যক্রম |
| ১৯ | শুক্রবার | সাধারণ ছুটি | ১৯ | সোমবার | শ্রেণি কার্যক্রম |
| ২০ | শনিবার | সাধারণ ছুটি | ২০ | মঙ্গলবার | শ্রেণি কার্যক্রম |
| ২১ | রবিবার | শীতকালীন অবকাশ | ২১ | বুধবার | শ্রেণি কার্যক্রম |
| ২২ | সোমবার | শীতকালীন অবকাশ | ২২ | বৃহস্পতিবার | শ্রেণি কার্যক্রম |
| ২৩ | মঙ্গলবার | শীতকালীন অবকাশ | ২৩ | শুক্রবার | সাধারণ ছুটি + সরস্বতী পূজা |
| ২৪ | বুধবার | শীতকালীন অবকাশ | ২৪ | শনিবার | সাধারণ ছুটি |
| ২৫ | বৃহস্পতিবার | শীতকালীন অবকাশ/বড়দিন | ২৫ | রবিবার | শ্রেণি কার্যক্রম |
| ২৬ | শুক্রবার | সাধারণ ছুটি | ২৬ | সোমবার | শ্রেণি কার্যক্রম |
| ২৭ | শনিবার | সাধারণ ছুটি | ২৭ | মঙ্গলবার | শ্রেণি কার্যক্রম |
| ২৮ | রবিবার | শীতকালীন অবকাশ | ২৮ | বুধবার | শ্রেণি কার্যক্রম |
| ২৯ | সোমবার | শীতকালীন অবকাশ | ২৯ | বৃহস্পতিবার | শ্রেণি কার্যক্রম |
| ৩০ | মঙ্গলবার | শীতকালীন অবকাশ | ৩০ | শুক্রবার | সাধারণ ছুটি |
| ৩১ | বুধবার | শীতকালীন অবকাশ শেষ | ৩১ | শনিবার | সাধারণ ছুটি |
| সম্ভাব্য শ্রেণি কার্যক্রম ০৯ দিন | | | সম্ভাব্য শ্রেণি কার্যক্রম ২১ দিন | | |



# কারিকুলাম

একাদশ-দ্বাদশ শ্রেণি পর্যন্ত জাতীয় শিক্ষাক্রম টেক্সটবুক বোর্ড এবং ডিগ্রি (পাস) ও সম্মান শ্রেণির পাঠ্যসূচি জাতীয় বিশ্ববিদ্যলয় এর সিলেবাস অনুযায়ী একাডেমিক কার্যক্রম পরিচালিত হয়।

## উচ্চমাধ্যমিক পর্যায়ে বিভিন্ন বিভাগের পঠিত বিষয়

| ১১শ - ১২শ শ্রেণি | | | |
|---|---|---|---|
| বিষয়ের ধরণ | বিজ্ঞান বিভাগ | মানবিক বিভাগ | ব্যবসায় শিক্ষা বিভাগ |
| আবশ্যিক বিষয় | বাংলা | বাংলা | বাংলা |
| | ইংরেজী | ইংরেজী | ইংরেজী |
| | আইসিটি | আইসিটি | আইসিটি |
| নৈর্বাচনিক বিষয় (৩টি) | পদার্থবিজ্ঞান | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি / ইসলাম শিক্ষা | হিসাববিজ্ঞান |
| | রসায়ন | পৌরনীতি ও সুশাসন | ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা |
| | উচ্চতর গণিত / জীববিজ্ঞান | সমাজকর্ম /সমাজবিজ্ঞান<br>অর্থনীতি | উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন |
| ঐচ্ছিক বিষয় (১টি) | জীববিজ্ঞান / উচ্চতর গণিত | কৃষিশিক্ষা / অর্থনীতি<br>ইসলাম শিক্ষা | কৃষিশিক্ষা<br>অর্থনীতি |

## সিলেবাস ও পাঠদান পদ্ধতি

সিলেবাস ও পাঠ পরিকল্পনা শিক্ষাবর্ষের শুরুতেই ছাত্র-ছাত্রীদের মধ্যে পুস্তিকা আকারে বিতরণ করা হয়।

বিষয় শিক্ষকগণ সিলেবাস অনুসারে প্রতিটি বিষয়ের বিশদ পাঠ পরিকল্পনা প্রস্তুত করেন।

সুনির্দিষ্ট পাঠ পরিকল্পনা এবং ক্ষেত্রবিশেষে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন অনুসারে শ্রেণিকক্ষে পাঠদান করা হয়।